



জনবান্ধব
ভূমিসেবা
অটোমেশন
স্বাক্ষরকর সাথে ভূমিসেবা সংজ্ঞা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
(www.lmap.minland.gov.bd)

নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০৭.০৪৮.২২-২৩

তারিখ: ২১শে পৌষ ১৪৩২
০৫ জানুয়ারি ২০২৬


বিজ্ঞপ্তি

ভূমি সেবা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইদানীং ভূমি সেবা সিস্টেমের প্রদত্ত দাখিলার নকল/ভূয়া দাখিলা তৈরী করে সাধারণ নাগরিক ও সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে ধোকা দেয়ার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। এমনকি নকল/ভূয়া দাখিলার কিউআর কোড ও url ভূমি সেবা সিস্টেমের মাধ্যমে প্রদত্ত সঠিক দাখিলার কিউআর কোড ও url এর প্রায় অনুরূপ করে সাধারণ নাগরিক ও সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে ধোকা দেয়ার চেষ্টা করা হচ্ছে।

২। ভূমি সেবা সিস্টেমের মাধ্যমে প্রদানকৃত ভূমি উন্নয়ন করের দাখিলা যাচাই করণের জন্য দাখিলার নিচের অংশে একটি কিউআর কোড দেয়া থাকে যা স্ক্যান করে এর সঠিকতা যাচাই করা যায়।

৩। এমতাবস্থায়, উক্ত সমস্যা থেকে উত্তরণ এবং সাধারণ নাগরিক ও সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে জন্য সহজ ও নিরাপদ ভূমি সেবা নিশ্চিত করণের লক্ষ্যে সম্প্রতি ভূমি মন্ত্রণালয় কর্তৃক চালুকৃত “ভূমি” App এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর দাখিলার কিউআর কোড যাচাই করণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে। উল্লেখ্য যে “ভূমি” App এর মাধ্যমে দাখিলার কিউআর কোড যাচাই করলে নকল/ভূয়া দাখিলার ক্ষেত্রে “কিউআর কোড সঠিক নয়” বার্তাটি পাওয়া যায় (সংযুক্তি-১)। যার মাধ্যমে অতি সহজেই নকল/ভূয়া দাখিলা চিহ্নিত করা যায়।

৪। ইহা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



মোঃ পারভেজ হাসান বিপিএএ

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প

ফোন: ০২-৮১৭০১৬৭

pdlandautomation@gmail.com

বিতরণঃ

- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। জেলা প্রশাসক (সকল)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার প্রশাসক (সকল)।
- ৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল)।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে; জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন/উন্নয়ন/ডিকেএমপি), ভূমি মন্ত্রণালয়।
- ২। জেলা রেজিস্ট্রার (সকল)।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



জনবান্ধব
ভূমিসেবা
অটোমেশন
সুফলতার সাথে ভূমিসেবা সহজেই

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
(www.lmap.minland.gov.bd)

সংযুক্তি-১:

